

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭০

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৯. ডানহাতে খাবার খাওয়া

بَابِ الْأَكْلِ بِالْيَمِينِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ حَدَّثَنِي إِيَاسُ بْنُ سَلَمَةَ حَدَّثَنِي أَبِي قَالَ أَبْصَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بُسْرَ بْنَ رَاعِي الْعِيرِ يَأْكُلُ بِشِمَالِهِ فَقَالَ كُلْ بِيَمِينِكَ قَالَ لَا أَسْتَطِيعُ قَالَ لَا اسْتَطَعْتَ قَالَ فَمَا وَصَلَتْ يَمِينُهُ إِلَى فِيهِ

বাংলা

২০৭০. ইয়াস ইবনু সালামাহ'র পিতা (সালামা ইবন আকওয়া রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, উটের রাখাল বুসরকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া-সাল্লাম বাম হাতে আহার করতে দেখেন। তখন তিনি বলেনঃ "তুমি তোমার ডান হাতে আহার কর।" সে বললো, আমি পারবো না । তিনি বললেনঃ "তুমি যেন না-ই পার।" তিনি সোলামা রাঃ) বলেনঃ সে আর তার ডান হাত মুখের কাছে তুলতে পারেনি।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: মুসলিম, আশরিবাহ ২০২১; ((আহমাদ ৪/৪৬)); আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৬৫১২, ৬৫১৩ তে। এছাড়াও, ইবনু আবী শাইবা, ৮/২৯৩ নং ৪৪৯৭; খতীব, তারীখ বাগদাদ ৬/৪৩।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন